দৈনিক
জনকণ্ঠ

তারিখ 15 DEC 2002
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বুয়েট অধ্যাদেশ লঙ্ঘন করে ছাত্রদলের নতুন কমিটি ঘোষণা

জনকণ্ঠ রিপোর্ট ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অধ্যাদেশকে লঙ্ঘন করে বুয়েট ছাত্রদলের আংশিক নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। ১৪ ডিসেম্বর মধ্য রাতে এ কমিটি ঘোষণা করা হয়। কমিটির সভাপতি মামুন গাজী, সাধারণ সম্পাদক মোঃ আলী মৃত্তার্জা এবং সাংগঠনিক সম্পাদক মোঃ রেজাউদ্দিন লিটন। বুয়েটের

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## বুয়েট অধ্যাদেশ লঙ্ঘন

(প্রথম পাতার পর)

হল কমিটির শুধুমাত্র সভাপতি ও সাধারণ সম্পাদকদের প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নতুন কমিটি গঠন করা হয়েছে। বুয়েট কেন্দ্রীয় ক্যাফেটরিয়াতে এ ভোট অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টু, সদস্য সেলিমুজ্জামান সেলিম, সুলতান সালাহউদ্দিন টুকু, বুয়েট ছাত্রদলের বিদায়ী সভাপতি তৌফিকুর রহমান রানা, সাধারণ সম্পাদক শরীফ ইমাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নেতৃবৃন্দ।

উল্লেখ্য, ৮ জুন ছাত্রদলের মুকি বনাম টগর গ্রুপের বন্দুকযুদ্ধে বুয়েট ছাত্রী সনি নিহত হয়। এর পর ১৯ জুলাই একাডেমিক কাউন্সিলের এক সভায় বুয়েট এলাকায় রাজনীতি এমনকি সহশিক্ষা কার্যক্রম ও ক্লাব নিষিদ্ধ ঘোষণা করা হয়। কিন্তু কর্তৃপক্ষের এ আদেশ অমান্য করে ছাত্রদলের এ কমিটি ঘোষণা করা হয়েছে। এ ব্যাপারে বুয়েটের উপাচার্য অধ্যাপক আলী মূর্ত্তাজার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কথা বলতে অস্বীকৃতি জানান।

এদিকে সনি হত্যার বিচার ও বিচারের দাবিতে আন্দোলনকারী ছাত্রছাত্রীদের ওপর কর্তৃপক্ষের চাপিয়ে দেয়া শাস্তি প্রত্যাহারের দাবিতে 'সন্ত্রাসবিরোধী বুয়েট ছাত্র ঐক্য' আগামী টার্মের শুরুতে নতুন করে আন্দোলন শুরু করার ঘোষণা দিয়েছিল। এ আন্দোলনকে যে কোন মূল্যে দমনের জন্য ছাত্রদলের এ নতুন কমিটি গঠন করা হয়েছে বলে অনেকে মনে করছেন।

এদিকে বুয়েট ছাত্রদলের নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ১৭ ডিসেম্বর জাতীয়তাবাদী ছাত্রদলের সম্মেলনে যোগ দিতে কক্সবাজার যাচ্ছেন। তাই ১৭ ডিসেম্বরের আগেই একত্রিশ সদস্যবিশিষ্ট বুয়েট ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হচ্ছে।